জরুরী
ই-মেইল যোগে

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

## সভার বিজ্ঞপ্তি

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০১১.১২/৩৭(২৫)

তারিখঃ ১৬ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ মাননীয় অর্থমন্ত্রীর সহিত সকল মূসক কমিশনারেটের কমিশনারগণের আলোচনার লক্ষ্যে সভা।**

সূত্রঃ অর্থমন্ত্রণালয় এর পত্র নং- অম/মন্ত্রী/পিএস/২০১৯/৪৩, তারিখঃ ২৮ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ০৬ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার বিকাল ০২:০০ ঘটিকার সময় মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে সচিবালয়স্থ তাঁর সম্মেলন কক্ষে (কক্ষ নং- ৩৩১, ভবন নং-৭) জাতীয় রাজস্ব বোর্ডের অধীন মূল্য সংযোজন কর সংশ্লিষ্ট সকল সদস্য ও মূসক কমিশনারেটের কমিশনারগণের সঙ্গে আলোচনার লক্ষ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় অর্থ বিভাগ, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড এবং জাতীয় রাজস্ব বোর্ডের অধীন মূল্য সংযোজন কর সংশ্লিষ্ট সদস্য ও কমিশনারগণের সদয় উপস্থিতির বিষয়ে মাননীয় অর্থমন্ত্রী অভিপ্রায় ব্যক্ত করেছেন।

০২। এমতাবস্থায়, উক্ত সভায় আলোচনার লক্ষ্যে আপনার দপ্তরের রাজস্ব আহরণ সংক্রান্ত তথ্য, রাজস্ব আহরণের চ্যালেঞ্জ (জনবল, অবকাঠামো, লজিস্টিকস সহ), রাজস্ব আহরণ বৃদ্ধিতে জাতীয় রাজস্ব বোর্ড ও কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধিতে (Capacity Building) করণীয় এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ বাস্তবায়নে প্রস্তুতি ও চ্যালেঞ্জ বিষয়ক তথ্য ও সুপারিশসহ যথাসময়ে সভাস্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ বর্ণনামতে।**

২৯/০১/১৯
**[ মোঃ তারেক হাসান ]**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

**প্রাপকঃ উপস্থিতি নিশ্চিতের জন্য :**

১-৪। সদস্য (মূসক নীতি)/(মূসক বাস্তবায়ন)/(মূসক নিরীক্ষা)/শুল্ক ও ভ্যাট প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/ কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
১৭-২০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
২১। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
২২। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
২৩। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
২৪। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।
২৫। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে উক্ত সভায় আমন্ত্রিত সকলের ই-মেইলে বিবেচ্য বিজ্ঞপ্তির কপি প্রেরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

**সদয় অবগতির জন্য:**

১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় অর্থমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



কাজী মুহাম্মদ জিয়াউল হক
সিনিয়র সিস্টেম এনালিস্ট

অর্থমন্ত্রীর দপ্তর
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ মূল্য সংযোজন কর সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে সভা।

আগামী ০৬-০২-২০১৯ তারিখ রোজ বুধবার দুপুর ০২:০০ ঘটিকায় মাননীয় অর্থমন্ত্রী অর্থ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর অধীন মূল্য সংযোজন কর সংশ্লিষ্ট সদস্য ও কমিশনারগণের সাথে তাঁর সম্মেলনকক্ষে (কক্ষ নং-৩৩১, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) মতবিনিময় সভা করার অভিপ্রায় ব্যক্ত করেছেন।

২। এমতাবস্থায়, উক্ত সভায় যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ড. মোঃ ফেরদৌস আলম)
মাননীয় মন্ত্রীর একান্ত সচিব
ফোন: ৯৫১৪৩০১ (সচিবালয়)
৪৮১১০৫৭৫ (ইআরডি)

**বিতরণ:**

১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), বাংলাদেশ সচিবালয়, ঢাকা *(মূল্য সংযোজন কর সংশ্লিষ্ট সদস্য ও কমিশনারগণসহ সভায় উপস্থিত থাকার অনুরোধ করা হলো)।*

২। অর্থসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব (বাজেট ও সামষ্টিক অর্থনীতি), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। অতিরিক্ত সচিব (প্রশাসন), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় উপস্থিত কর্মকর্তাগণের আপ্যায়নের অনুরোধসহ)।

৬। অফিস কপি।

**ইউ.ও . নোট নং-** অম/মন্ত্রী/পিএস/২০১৯/৪৬ তারিখঃ ২৮-০১-২০১৯ খ্রি: